মুজিবনগরে আত্মহত্যা করা পুলিশ সদস্যর দাফন সম্পন্ন

মেহেরপুরের মুজিবনগরে রতনপুর পুলিশ ক্যাম্পে ডিউটিরত অবস্থায় নিজের রাইফেল দিয়ে মাথায় গুলি করে আত্মহত্যা করা সেই পুলিশ সদস্যের দাফন সম্পন্ন হয়েছে।

বুধবার (২১ জুলাই) বাদ আছর কুষ্টিয়ার কুমারখালি উপজেলার চাপড়া ইউনিয়ন পরিষদ মাঠে তার নামাজে জানাজা শেষে কবুরাট পারিবারিক গোরস্থানে তাকে সমাহিত করা হয়।

এর আগে বুধবার ভোর রাতে মেহেরপুরের মুজিবনগরে রতনপুর পুলিশ ক্যাম্পে ডিউটিরত অবস্থায় নিজের রাইফেল দিয়ে গুলি করে আত্মহত্যা করেন কনস্টেবল সাইফুল ইসলাম। তার বাড়ি কুষ্টিয়া জেলায়। তার স্ত্রীও পুলিশ সদস্য।

নিহতের চাচা লিটন হোসেন জানান, চলতি বছরের প্রথমদিকে সাইফুল নারী পুলিশ সদস্য ফরিদা খাতুনকে বিয়ে করে। বিয়ে করার সময় বেশ টাকা খরচ হয়। এর মাঝে তিনি জমিও ক্রয় করেন। সঞ্চিত সব টাকা খরচের পর থেকে সাইফুল মানসিক চাপের মধ্যে ছিল। সম্প্রতি তিনি সবসময় উদভ্রান্তের মতো চলাফেরা ও কথাবার্তা বলতেন। এই কারণে তাকে ডাক্তারও দেখানো হয়েছে।

নিহতের স্ত্রী ফরিদা খাতুন জানান, তিনি পুলিশ সদস্য হিসেবে মুজিবনগর থানায় কর্মরত আছেন। তার স্বামী সাইফুল মঙ্গলবার রাতে ফোন দিয়ে আর্থিক সংকট নিয়ে হতাশাপূর্ণ কথাবার্তা বললে তিনি শান্ত্বনা দেন এবং দুশ্চিন্তা করতে নিষেধ করেন।

পরে বুধবার ভোরে রতনপুর পুলিশ ফাঁড়ি থেকে তাকে ফোন দিয়ে দ্রুত যেতে বললে ঘটনাস্থলে গিয়ে তিনি স্বামী সাইফুলকে মৃত অবস্থায় দেখতে পান। ঈদের পর তাদের একই জায়গায় পোস্টিং হবার কথা ছিল বলেও জানান তিনি।

এ বিষয়ে কুমারখালী থানার অফিসার ইনচার্জ কামরুজ্জামান তালুকদার বলেন, মুজিবনগরের রতনপুর পুলিশ ফাঁড়িতে পুলিশ সদস্য নিজ অস্ত্র দিয়ে গুলি করে আত্মহত্যা করে। আছরের নামাজের পর পারিবারিক কবরস্থানে তাকে দাফন করা হয়েছে।

হাসপাতালে করোনা রোগীদের সাথে ঈদের আনন্দ ভাগাভাগি করলেন ঝিনাইদহের মেয়র

মুসলমানদের সবচেয়ে বড় উৎসব ঈদ ঠিক এমন একটি আনন্দের দিন যদি রোগী সহ তার স্বজনদের হাসপাতালের বারান্দায় কাটে তবে কেমন অনুভূতি হয়? ঠিক এমন একটি ঈদ উপস্থিত হলো করোনা ভাইরাস এর এই ভয়াবহ সময়। নিরানন্দ সেই রোগী ও তার স্বজনদের মুখে হাসি ফোটাতে ঈদের নামাজ পড়েই সুস্বাদু মিষ্টান্ন নিয়ে হাসপাতালের বিছানায় উপস্থিত হন মানবতার ফেরিওয়ালা ঝিনাইদহ পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু।

ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তী থাকা করোনা রোগী ও তার স্বজনদের সাথে ঈদের আনন্দ ভাগাভাগি করে তৃপ্তির ঢেকুর তোলেন মেয়র সাইদুল করিম মিন্টু। এমন অভিনব মানবিক কাজের প্রশংসা করে হাসপাতালে রোগীর স্বজনেরা বলেন আমরা ভাবতেও পারিনি আমাদের জন্য কেউ এভাবে ভাববেন সত্যিই আমারা ঈদের দিন নিরানন্দ হৃদয়ে আনন্দ খুজে পেয়েছি। আরো বলেন এমন একজন মানবিক নেতা পেয়ে আমরা ঝিনাইদহবাসী কৃতজ্ঞ।

ঝিনাইদাহে বিষধর সাপের কামড়ে নানী-নাতনীর মৃত্যু

ঝিনাইদহে সাপের কামড়ে নানী ও নাতির মৃত্যু হয়েছে। বুধবার (২১ জুলাই) ভোর ও সকাল ১০টার দিকে সদর উপজেলার বেড়বাড়ি গ্রামে এ মৃত্যুর ঘটনা ঘটে। নিহতরা হলেন- বেড়বাড়ি গ্রামের মৃত লুৎফর রহমানের স্ত্রী নতিরন নেছা (৯৫) ও তার নাতি তরিকুল ইসলাম (২২)।

বেড়বাড়ি গ্রামের ইউপি সদস্য সোহরাব হোসেন জানান, রাতে একই ঘরে নাতি তরিকুল তার দেড় বছর বয়সী শিশু ছেলে ও স্ত্রীকে নিয়ে খাটের উপর এবং নানী নতিরন নেছা মেঝেতে ঘুমিয়ে ছিলেন। ভোর রাতে বিষাক্ত সাপ প্রথমে নানীকে কামড় দেয়। সেময় নানী ছটফট করতে থাকে। অন্ধকারেই খাট থেকে নেমে এসে তরিকুল নানীর গায়ে হাত দিয়ে দেখার চেষ্টা করে। ওই সময় নাতীকেও সাপে কামড় দেয়।
শরীরে যন্ত্রণা শুরু করলে পরিবারের লোকজন প্রথমে তাদের স্থানীয় ভড়ূয়াপাড়া গ্রামের ওঝা দিয়ে ঝাড়ফুঁক করার এক পর্যায়ে ভোরে তরিকুলের মৃত্যু হয়। পরে নতিরন নেছাকে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে ভর্তি করলে চিকিৎসাধীন অবস্থায় বেলা ৮টার তার মৃত্যু হয়। বিষয়টি নিশ্চিত করেছেন ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত ওসি (তদন্ত) এমদাদুল হক।

মুজিবনগরে সড়ক দুর্ঘটনায় ৩জন নিহত

মেহেরপুরের মুজিবনগরে দুটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে তিন জন ঘটনাস্থলেই নিহত হয়েছেন। আহত হয়েছেন দুই জন।
আজ বুধবার দুপুর ২টার দিকে কেদারগঞ্জ-মুজিবনগরের মাঝামাঝি মানিকনগরে এ মর্মান্তিক ঘটনা ঘটে। নিহতরা হলেন- মুজিবনগর উপজেলার সোনাপুর মাঝপাড়া গ্রামের শরিফুল ইসলামের ছেলে শাকিল হোসেন (২২), মিনারুল ইসলামের ছেলে শামিম হোসেন (২২) এবং গাংনী উপজেলার গাড়াডোব গ্রামের নিহাজুলের ছেলে মোস্তাক হোসেন (২০)। আহতরা হলেন-সদর উপজেলার আলমপুর গ্রামের সামজান বিশ্বাসের ছেলে ওমর ফারুক ও গাড়াডোব গ্রামের আব্দুল রশিদের ছেলে রকিবুল ।

স্থানীয়রা জানান, শাকিল ও শামিম দুজনই নিজ গ্রাম সোনাপুর থেকে কেদারগঞ্জ বাজারের দিকে যাচ্ছিলেন। অপরদিক থেকে গাংনীর গাড়াডোব থেকে অপর একটি মোটরসাইকেলে মোস্তাক, ওমর ফারুক ও রকিবুল মুজিবনগরে ঘুরতে যাচ্ছিলেন। এসময় কেদারগঞ্জন- মুজিবনগরের মাঝামাঝি স্থানে দুটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়।

স্থানীয়রা তাদের উদ্ধার করে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক রিয়াদ হোসাইন তিনজনকে মৃত ঘোষনা করেন । বাকি দুজনকে প্রাথমিক চিকিৎসা দিয়ে মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করেন।

মুজিবনগর থানর অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল হাশেম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, কোন পক্ষের অভিযোগ না থাকায় মরদেহ পরিবারের কাছে হস্থান্তর করা হয়েছে।

মুজিবনগরে রাইফেলের গুলিতের পুলিশ কনস্টেবলের আত্মহত্যা

মেহেরপুরের মুজিবনগর উপজেলার রতনপুর পুলিশ ক্যাম্পে কর্তব্যরত অবস্থায় নিজ রাইফেল দিয়ে গুলি করে আত্মাহত্যা করেছে সাইফুল ইসলাম
(২৭) নামের এক পুলিশ কনস্টেবল।
বুধবার আনুমানিক ভোর ৪ টার দিকে ওই ক্যাম্পে এ ঘটনা ঘটে। তিনি মুজিবনগরের রতনপুর পুলিশ ক্যাম্পে কর্মরত ছিলেন এবং কুষ্টিয়া জেলা কুমারখালী উপজেলার কবুরহাট গ্রামের মৃত মোহাম্মদ আলীর ছেলে।
পুলিশ জানায়, মুজিবনগরে রতনপুর পুলিশ ক্যাম্পে কনস্টেবল সাইফুল ইসলাম কং নাম্বার ৫৪৩ ডিউটিতে ছিল। ডিউটিরত অবস্থায় তার কাছে থাকা সরকারি রাইফেল দিয়ে গলার নিচে গুলি করে আত্মহত্যা করে। গুলির শব্দে ক্যাম্প এ কর্মরত অন্য সদস্যরা এসে তার মৃতদেহ দেখতে পাই। খবর পেয়ে পুলিশ সুপার মো: রাফিউল আলমসহ পুলিশের ঊর্দ্ধতন কর্মকর্তারা ঘটনাস্থল পরিদর্শন করেন।
পুলিশ সুপার রাফিউল আলম বলেন, পুলিশের এক সদস্য সরকারি রাইফেল দিয়ে গুলি করে আত্মহত্যা করেছেন। বিষয়টি তদন্ত করা হচ্ছে। তদন্ত করে বলা যাবে কেন সে আত্মহত্যা করেছে। সে দীর্ঘদিন ধরেই মেহেরপুরে কর্মরত রয়েছেন এবং তার স্ত্রীও মেহেরপুরে নারী পুলিশ সদস্য।

মেহেরপুরে আরও ৫৮ জন করোনায় আক্রান্ত- মৃত্যু-৪

মেহেরপুরে নতুন করে আরও ৫৮ জন করোনায় আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ৩০ জন,গাংনী ১৭ জন, মুজিবনগরে ১০ জন। মৃত্যু হয়েছে ৪ জনের। মৃতের পরিচয়-
মেহেরপুর ফতেপুর গ্রামের রেবেকা (৬০),আলমপুর গ্রামের রাজিয়া (৪৪),চকশ্যামনগর গ্রামের রাহেলা (৭০) গাংনী কাঞ্চননগর মালেকা বেগম (৭৫)
ভিন্নসূত্রে পাওয়া পজিটিভদের পরিচয়
মেহেরপুর সদর উপজেলার বোসপাড়ার আল আমিন (১০),রাজনগর গ্রামের রাজিয়া সুলতানা (৫৫),আমদহ গ্রামের শ্রাবন্তি আক্তার মিম (১৯),চাঁদবিল গ্রামের শাহানারা (৫৯),কুতুবপুর গ্রামের আঃ আজিজ (৬৫),উজলপুর গ্রামের কামরুজ্জামান (৪৬),কামদেবপুর গ্রামের তনুয়ারা (৫১),কালিগাংনী গ্রামের সেলিম রেজা (৩৫),কাঁসারী পাড়ার ইসমতারা (২৭),রাজনগর গ্রামের ইউনুস আলী (৬৫),তাঁতিপাড়ার মোখলেসুর রহমান (৩৬),রাধাকান্তপুর গ্রামের রুমা খাতুন (৩০),গোভিপুর গ্রামের মোয়র্জিম (৪৭),মল্লিকপাড়ার রুহুল আমীন (৬৮),শোলমারি গ্রামের শামীম রেজা (৪০),মুস্তারি বেগম (৫৫),উজলপুর গ্রামের খাদিজা (১৫),ইছাখালি গ্রামের শামসুন্নাহার (৫৫),পুরাতন পোস্ট অফিস পাড়ার সাইদাল মামুদ সিদ্দিক (৩৫),রাজাপুর গ্রামের রোকসানা (৩৫),ঝাঁঝা গ্রামের শামিমা আক্তার (২৯),খাঁ পাড়ার নাজমা পারভিন (৩৫),তাহের ক্লিনিক পাড়ার তহুরা (৬০),বলিয়ারপুর গ্রামের সার্জিনা (৩৫),নতুনপাড়ার রহিমা (৩০),ফরিদা বেগমম (৫৩),চাঁদপুর লাভলি (৪০),ঈদগাহ পাড়ার ডা. পারভিন আক্তার (৫৩),বলিয়ারপুর গ্রামের ইছারদ্দিন (৬৫),আমঝুপি গ্রামের আঃ কাশেম (৭৫)।

মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ গ্রামের ফজলু (৬৫),রতনপুর গ্রামের ছাত্তার (৫৫),নুরনাহার (৩৪),পুরন্দরপুর গ্রামের খাদিজা (৪৫),ফজিলা (৬০),দারিয়াপুর গ্রামের ছামারুল (৩৫),মোনাখালি গ্রামের কামরুল হাসান (৩৮),গোপালপুর গ্রামের শাহাজান শাহ (৩৯),আঃ মালেক (৫৮),সোনাপুর গ্রামের নাজির আলী (৫০)।

গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের সালমা (১৮),বানিয়াপুকুর গ্রামের মলিদা বেগম (৫৫),গরীবপুর গ্রামের ফারুক আহমেদ (৫৫),ভোমরদহ গ্রামের নাসরিন (২২),নজরুল ইসলাম (৬০),সালেহা (২৭),ধানখোলা গ্রামের জাফিরন (৬৫),সাহারবাটি গ্রামের মাহাতাব (৬৫),গোয়ালগ্রাম গ্রামের শরিফুল ইসলাম (৪৫),মমতাজ খাতুন (৪০),আযান গ্রামের রেনু খাতুন (৫৫),ঢ্যাপা গ্রামের আসকার আলী (৫০),রোকেয়া খাতুন (৪৫),বাগুন্দা গ্রামের সেতু (২৮),মেরী (৫২),মহাব্বতপুর গ্রামের হোসনেয়ারা (৬০),হোগলবাড়িয়া গ্রামের সোহেল (৪০)। ১ জন কুষ্টিয়া জেলার।

এপেক্স ক্লাব অব কুষ্টিয়ার উদ্যোগে ঈদ সামগ্রী বিতরণ

আন্তর্জাতিক সেচ্ছাসেবী সংগঠন এপেক্স ক্লাব অব কুষ্টিয়ার উদ্যোগে ঈদ সামগ্রী বিতরণ করা হয়েছে। মঙ্গলবার দুপুরে কুষ্টিয়ার মজমপুরস্থ ক্লাব প্রেসিডেন্ট’র ব্যবসা প্রতিষ্ঠান বিএম এন্টারপ্রাইজের সামনে এসব খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

ক্লাবের প্রেসিডেন্ট বিশিষ্ট শিল্পপতি ও সমাজসেবক এপেঃ আকরাম হোসেন বাবুর দিক নির্দেশনায় দুই শতাধীক পরিবারের মাঝে ঈদ উপহার প্রদান করা হয়। সামাজিক দুরত্ব বজায় রেখে ক্লাব সদস্যদের মাধ্যমে অসহায়, দরিদ্র মানুষের মাঝে এসব উপহার পৌঁছে দেওয়া হয়।

এপেক্স ক্লাব অব কুষ্টিয়ার প্রেসিডেন্ট বিশিষ্ট শিল্পপতি ও সমাজসেবক এপেঃ আকরাম হোসেন বাবু বলেন, এপেক্স ক্লাবের জন্ম হয়েছে মানবতার কল্যাণে কাজ করার জন্য। দেশের যেকোন খারাপ পরিস্থিতিতে সাধারণ মানুষের পাশে দাঁড়ায় এই সংগঠন এবং সংগঠনের কর্মীরা। চলতি করোনা পরিস্থিতির শুরু থেকেই বিভিন্ন ধরণের সেবা মূলক কাজ করে যাচ্ছে কুষ্টিয়া ক্লাব। সেই ধারাবাহিকতায় আজকে পবিত্র ঈদুল আজহা উপলক্ষে এই ঈদ উপহার অসহায় দরিদ্র মানুষের মাঝে তুলে দেওয়ার আয়োজন করেছি। এরআগেও করনো ভাইরাস প্রাদর্ভাবে কর্মহীন হয়ে পড়া মানুষের মাঝে কয়েক দফায় খাদ্য সামগ্রী বিতরণ

করতে সক্ষম হয়েছি।

ক্লাবের সাবেক সভাপতি আবদুল মজিদ বলেন, করোনা সংকটের মধ্যে অনেকেই এবারের ঈদ ভালোভাবে উদযাপন করতে পারবে না অসহায় এসব মানুষেরা। তাই আমাদের বর্তমান ক্লাবের প্রেসিডেন্ট বিশিষ্ট শিল্পপতি ও সমাজসেবক এপেঃ আকরাম হোসেন বাবুর ঐকান্তিক প্রচেষ্টায়
আমরা দুই শতাধীক পরিবারের জন্য ঈদের উপহার তুলে দিতে সক্ষম হয়েছি।

প্রত্যেক পরিবারের জন্য ক্লাবের পক্ষ থেকে ঈদ উপহারের প্যাকেজে ছিল চাউল,ডাউল, তৈল, সেমাই,চিনি, দুধ, মসলা, সাবান, শাড়ি ও লুঙ্গি। এসময় ক্লাবের অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

পাপী চোখেও ভালবাসা সংগঠনের উদ্যোগে বঞ্চিত শিশুদের মাঝে ঈদের পোশাক বিতরণ

ঝিনাইদহ ঐতিহ্যবাহী ব্যাতিক্রমী সংগঠন পাপী চোখেও ভালবাসা পক্ষ থেকে পবিত্র ঈদুল আজহাকে সামনে রেখে সুবিধা বঞ্চিত শিশুদের মাঝে ঈদের পোশাক বিতরণ।

মঙ্গলবার সকাল ৯ টা থেকে ঝিনাইদহ শহরে বিভিন্ন অঞ্চলে ঘুরে ঘুরে ১৫ জন সুবিধা বঞ্চিত শিশুদের বাসায় ঈদের কাপড় পৌছায় দেওয়া হয়।

এসময় উপস্থিত ছিলেন পাপী চোখেও ভালবাসা এর পরিচালক এডমিন ইমু চৌধুরী,সংগঠনের সদস্য আকাশ মির্জা,শামীম,শাওন,সৌরভসহ আরো অনেকে।

পোশাক বিতরণ শেষে অনলাইন সংগঠন পাপী চোখেও ভালবাসা এর এডমিন ইমু বলেন,সমাজের বিত্তবানদের সহয়তা পেলে তিনি সমাজের সুবিধা বঞ্চিত মানুষের জন্য আরো কিছু কাজ করবেন।

# [redacted]

[redacted]

# [redacted] [redacted]-[redacted]
# [redacted] [redacted] [redacted]-[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [